



বাংলাদেশ কৃষি গবেষণা কাউন্সিল
নতুন বিমান বন্দর সড়ক, ফার্মগেট, ঢাকা-১২১৫

কৃষিই সমৃদ্ধি
দুরালাপনী পিএবিএক্স : ৯১৩২২১৪-১৮
FAX : ৪৪ ০২ ৪১১৩০৩২
88 ০২ ৯১১০৪৪২
জিপিও বক্স : ৩০৪১
ই-মেইল : ec-barc@barc.gov.bd
Webstie : www.barc.gov.bd

প্রেস বিজ্ঞপ্তি

তাং ২৭/০১/২০১৫

ড. আবুল কালাম আযাদ
বিএআরসি'র নতুন নির্বাহী চেয়ারম্যান



দেশের বিশিষ্ট কৃষি বিজ্ঞানী ড. আবুল কালাম আযাদ গত ২৫/০১/২০১৫ ইং তারিখে বাংলাদেশ কৃষি গবেষণা কাউন্সিলের নির্বাহী চেয়ারম্যান পদে যোগদান করেছেন। তিনি তাঁর পূর্বসূরি ড. মোঃ রফিকুল ইসলাম মন্ডল এর স্থলাভিষিক্ত হন।

ড. আবুল কালাম আযাদ ১৯৮৩ সালে বাংলাদেশ কৃষি গবেষণা ইনস্টিটিউট, গাজীপুর এ বৈজ্ঞানিক কর্মকর্তা হিসেবে তাঁর চাকুরী জীবন শুরু করেন। তিনি ২০০৫ সনে বাংলাদেশ কৃষি গবেষণা কাউন্সিলে প্রধান বৈজ্ঞানিক কর্মকর্তা হিসাবে যোগদান করেন। দীর্ঘ কর্ম জীবনে তিনি বিভিন্ন গুরুত্বপূর্ণ পদে নিষ্ঠার সঙ্গে দায়িত্ব পালন করে আসছেন। তিনি সার্ক কৃষি কেন্দ্র, ফার্মগেট, ঢাকা এর পরিচালক পদেও দায়িত্বে নিয়োজিত আছেন। গবেষণা সংশ্লিষ্ট বিভিন্ন কাজে তিনি ইতোমধ্যে বিশ্বের বিভিন্ন দেশ সফর করেন।

ড. আবুল কালাম আযাদ বাংলাদেশ কৃষি বিশ্ববিদ্যালয়, ময়মনসিংহ থেকে ১৯৮১ সনে বিএসসি (এজি) এবং একই বিশ্ববিদ্যালয় থেকে ১৯৮৫ সনে উদ্যানতত্ত্বে এমএসসি (এজি) ডিগ্রি অর্জন করেন। তিনি যুক্তরাজ্যের University of Southampton থেকে ১৯৯৯ সালে Genetics and Propagation of Horticultural Crop বিষয়ে পিএইচডি ডিগ্রি লাভ করেন। দেশীয় ও আন্তর্জাতিক জার্নালে তাঁর ৫০টিরও বেশী প্রকাশনা আছে।

ড. আবুল কালাম আযাদ গাজীপুর জেলার গাজীপুর সদর উপজেলার পোড়াবাড়ি গ্রামে এক সম্ভ্রান্ত মুসলিম পরিবারে ১৯৬১ সালে জন্মগ্রহণ করেন।

স্বাক্ষরিত/

(মোঃ মুস্তাফিজুর রহমান)

প্রিন্সিপাল ট্রেনিং অফিসার (অ.দা)

মোবাইল: ০১৭১৭১৭১৯৮৬

ফোন: ৯১৩২৪১২

প্রতি:

বার্তা সম্পাদক/পরিচালক (বার্তা)

দৈনিক.....